

২৩ নং

তাল-একতালা

- কত ভালবাস গুরুচাঁদ থেকে আড়ালে ।  
আমি কেঁদে মরি ধরতে নারি পাইনা দু'টো হাত বাড়ালে ॥
- ১। যখন কাঁদি হতাশ হয়ে, চোখের জল তুমি দেও মুছিয়ে,  
মরি হয়ে রে হয় ।  
আবার প্রাণের ভিতর কথা কয়ে কত উপদেশ  
দেও গো বলে ॥
- ২। যখন ছিলাম মায়ের উদরে ঘোর অন্ধকার কারাগারে,  
মরি হয় রে হয় ।  
তুমি আহাৰ দিয়ে বাতাস দিয়ে প্রভু আমাকে বাঁচাইলে ॥
- ৩। যখনে ভূমিষ্ঠ হ'লেম, মায়ের কোমল কোলে  
আশ্রয় পেলেন, মরি হয় রে হয় ।  
মায়ের স্তনের দুগ্ধ হে দয়াময় স্কীর করে আমায়  
খাওয়াইলে ॥
- ৪। ধন-ধান্য, দ্বারা-সুত সবই দেওয়া তোমারিত,  
কত সুসার দিলে সম্পদ দিলে গো---  
এ সব পেলেম তোমার দয়া বলে ॥
- ৫। তোমার কৃপায় সকল পেলেম, কিন্তু তোমায় না চিনিলেম,  
হয় রে হয়,  
ও দীন প্রফুল্ল কয় ও দয়াল গো---  
তুমি দিও দেখা অন্তিম কালে ॥  
---প্রফুল্ল